দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 05 AUG 2015 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ২ ...

# নোয়াখালীতে মেডিক্যাল শিক্ষার্থীদের ক্লাস বর্জন

## 'ক্যারি অন' পুনর্বহালের দাবি

■ নোয়াখালী প্রতিনিধি

নত্তুন কারিক্যুলাম বাতিল ও 'ক্যারি অন' সিস্টেম পুনর্বহালের দাবিতে গতকাল মঙ্গলবার নোয়াখালী আবদুল মালেক উকিল মেডিক্যাল কলেজের শিক্ষার্থীরা ক্লাস বর্জন করেছে। পরে তারা ক্লাস ভবনের মূল ফটকে অবস্থান করে বিক্ষোভ প্রর্দশন করে।

আন্দোলনরত শিক্ষার্থীরা অভিযোগ করেন, মেডিক্যাল কলেজের জন্য শিক্ষানীতির নতুন কারিক্যুলামের কারণে তারা ৬ মাস পিছিয়ে যাবে। হতাশায় ঝরে যাবে অনেক শিক্ষার্থী এবং পারিবারিক ও সামাজিক জীবনে দুর্ভোগে পড়তে হবে। তারা বলেন, নতুন কারিক্যুলাম আপাত দৃষ্টিতে মেডিক্যাল শিক্ষা ব্যবস্থার মান উন্নয়নে লক্ষ্যে করা হলেও বাস্তবে চিত্র তার উল্টোটা। এতে করে একদিকে যেমন চিকিৎসা ও শিক্ষা ব্যবস্থার মান অসামঞ্জস্যপূর্ণ হবে তেমনি চিকিৎসকের অপ্রতুলতার কারণে জাতীয় স্বাস্থ্য ব্যবস্থা অনিশ্চয়তার মুখে পড়বে।